# গোলাপগঞ্জ ট্রাস্টের (ইউকে) প্রথম সাধারণ সভায় সদস্য সচিবের বক্তব্য

## গোলাপগঞ্জ ট্রাস্ট (ইউকে)

## সাধারণ সভা

রবিবার, ১৮ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

স্থান ১২০ হোয়াইট চ্যাপেল রোড পূর্ব লন্ডন

গোলাপগঞ্জ ট্রাস্টের (ইউকে) প্রথম সাধারণ সভায় সদস্য সচিবের বক্তব্য, রবিবার, ১৮ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

গোলাপগঞ্জ ট্রাস্ট (ইউকে)'র সম্মানিত সদস্যবৃন্দ, আসসালামু আলাইকুম।

ব্রিটেনে বসবাসরত গোলাপগঞ্জবাসীর মধ্যে পারস্পরিক সেতুবন্ধন, কমিউনিটিতে মেধা ও মননের চর্চা, প্রবাসী গোলাপগঞ্জের গুণীজনদের মূল্যায়ন এবং তাঁদের পরিচিতি বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরার সংকল্প নিয়ে ২০১৭ সালের ৩১ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে গোলাপগঞ্জ ট্রাস্ট (ইউকে)।

আহ্বায়ক কমিটি গঠন: ২০১৭ সালের ৩১ ডিসেম্বর গোলাপগঞ্জ ট্রাস্টের প্রথম সভায় সর্বসম্মতিক্রমে ড. রেণু লুৎফাকে আহ্বায়ক এবং আমাকে (আনোয়ার শাহজাহান) সদস্য সচিব করে ৪১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়। সেই সাথে আমাকে পূর্ণাঙ্গ ৪১ সদস্যবিশিষ্ট একটি আহ্বায়ক কমিটি গঠনেরও দায়িত্ব দেয়া হয়। গোলাপগঞ্জের যেসব নাগরিক গোলাপগঞ্জ ট্রাস্টের আদর্শ ও উদ্দেশ্যের সাথে একমত, তাঁদের নিয়ে এক মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটি গঠন করে আহ্বায়কের সম্মতি নিয়ে ৪১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটির প্রথম সভা আহ্বান করি। ৩১ মার্চ ২০১৮ তারিখের ওই সভায় আরো ১০ জন সদস্য কো অপ্ট করার সিদ্ধান্ত নেয়া হয়। আহ্বায়ক কমিটির মোট ৪টি সভা অনুষ্ঠিত হয়। প্রতিটি সভায় সদস্যদের উপস্থিতি ছিল আশাব্যঞ্জক।

সংবিধান প্রণয়ন: গোলাপগঞ্জ ট্রাস্ট ইউকের আহ্বায়ক কমিটির দ্বিতীয় (৩১ মার্চ ২০১৮) সভায় আধুনিক সময়োপযোগী একটি সংবিধান তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে ড. আব্দুল আজিজ তকির সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও পরামর্শের মাধ্যমে আমরা আহ্বায়ক কমিটির তৃতীয় সভায় একটি খসড়া সংবিধান উপস্থাপন করি। ওই সভায় আহ্বায়ক কমিটির সদস্যরা আলাপ-আলোচনার পর আরো কিছু সংশোধনের অনুরোধ করেন। পরবর্তী সময়ে ২০ সেপ্টেম্বর বৃহস্পতিবার ড. রেণু লুৎফা, ড. আব্দুল আজিজ তকি ও আমি খসড়া সংবিধানটি আহ্বায়ক কমিটির সদস্যদের পরামর্শমূলক সংশোধনী নিয়ে দীর্ঘ আলাপ-আলোচনা করে সংবিধানটি সংশোধন করে আহ্বায়ক কমিটির চতুর্থ সভা আহ্বান করি। ২৫ অক্টোবর বৃহস্পতিবার আহ্বায়ক কমিটির সভায় সংবিধান অনুমোদন করে আজকের (১৮ নভেম্বর, ২০১৮) সাধারণ সভায় অনুমোদনের জন্য সাধারণ সভার দিন ও তারিখ ধার্য করা হয়।

প্রতিষ্ঠাতা সদস্য: গোলাপগঞ্জ ট্রাস্টের দ্বিতীয় সভায় আহ্বায়ক কমিটির সাথে ট্রাস্টের প্রথম ৭০ জন সদস্যকে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে মনোনীত করা হয়। ট্রাস্টের প্রথম ৭০ জন সদস্যই প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে গণ্য করা হবে।

## আমাদের অনুষ্ঠিত কার্যক্রম

সমুদ্র ভ্রমণ: ব্রিটেনে বসবাসরত গোলাপগঞ্জবাসীকে নিয়ে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয় সমুদ্রসৈকত ভ্রমণ ২০১৮। গত ৮ জুলাই রবিবার সমুদ্রসৈকতে ৬টি কোচে প্রায় আড়াই শতাধিক লোকের বহর নিয়ে ভ্রমণে গোলাপগঞ্জবাসীর বিপুল উৎসাহ-উদ্দীপনা ছিল লক্ষণীয়। সমুদ্রসৈকত ভ্রমণে বাংলাদেশ থেকে এসে যোগ দিয়েছিলেন বাংলাদেশ রাইফেলসের সাবেক মহাপরিচালক বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অব.) মোহাম্মদ আজিজুর রহমান বীর-উত্তম ও তাঁর সহধর্মিণী।

ব্রিটিশ হাউস অব পার্লামেন্টে ট্রাস্টের সদস্যদের ভ্রমণ: গোলাপগঞ্জ ট্রাস্ট প্রতিষ্ঠার পর আমরা ব্রিটিশ হাউস অব পার্লামেন্টের কার্যক্রম এবং পার্লামেন্টের ইতিহাস-ঐতিহ্য দেখতে ২টি ট্রিপের আয়োজন করি। ১৭ জুলাই শুধু মহিলা সদস্যদের নিয়ে গোলাপগঞ্জ ট্রাস্টের আহ্বায়ক ড. রেণু লুৎফার নেতৃত্বে ওই দলে সংগঠনের ২৩ জন মহিলা সদস্য অংশগ্রহণ করেন।

১৫ অক্টোবর সোমবার দ্বিতীয়বারের মতো ২৫ জন সাধারণ সদস্যকে নিয়ে ব্রিটিশ হাউস অব পার্লামেন্টে যাওয়ার উদ্যোগ গ্রহণ করা হয়। উল্লেখ্য, গোলাপগঞ্জ ট্রাস্ট প্রতিষ্ঠার অন্যতম কারণ ছিল ব্রিটেনে বসবাসরত গোলাপগঞ্জের নাগরিকদের কমিউনিটি কর্মকাণ্ডের সাথে বেশি করে সম্পৃক্ত করা। এরই অংশ ছিল ব্রিটিশ হাউস অব পার্লামেন্টে ট্রাস্টের সদস্যদের ভ্রমণ।

## ভবিষ্যৎ কার্যক্রম

ইয়ুথ কনফারেন্স: ব্রিটেনে জন্ম নেয়া গোলাপগঞ্জের ছেলে-মেয়েদের কমিউনিটির সাথে বেশি করে সম্পৃক্ত করার জন্য আমাদের ট্রাস্টের সংবিধানে ইয়ুথ মেম্বার নামে একটি গ্রুপের উল্লেখ রয়েছে। ড. রেনু লুৎফার পরিকল্পনায় আমরা ইয়ুথদের নিয়ে আগামী ডিসেম্বর মাসে লন্ডনে একটি ইয়ুথ কনফারেন্সের উদ্যোগ নিয়েছি।

গোলাপগঞ্জ ট্রাস্টের (ইউকে) প্রথম সাধারণ সভায় সদস্য সচিবের বক্তব্য, রবিবার, ১৮ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

সুপ্রিম কোর্ট ভ্রমণ : আগামী বছরের ১ ফেব্রুয়ারি ব্রিটেনের সুপ্রিম কোর্ট ভ্রমণের জন্য অনুমতি সংগ্রহ করা হয়েছে। ওই দিন ট্রাস্টের ৩০ জন সদস্য যুক্তরাজ্যের সর্বোচ্চ আদালতের কার্যক্রম দেখার সুযোগ পাবেন। আমাদের যেকোনো ট্রিপের আহ্বান সাধারণ সদস্যদের নিয়ে গঠিত WhatsApp গ্রুপে দেয়া হয় এবং আগে এলে আগে পাবেন এই নিয়মে নাম তালিকাভুক্ত করা হয়।

গোলাপগঞ্জ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট : গোলাপগঞ্জ ট্রাস্ট (ইউকে)'র উদ্যোগে ব্রিটেনে প্রথমবারের মতো অনুষ্ঠিত হচ্ছে গোলাপগঞ্জ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট। এতে উপজেলার ১১টি ইউনিয়ন ও পৌরসভাকে নিয়ে মোট ১২টি দল অংশ নেবে। ২০১৯ সালের ৩১ মার্চ রবিবার পূর্ব লন্ডনের মাইল অ্যান্ড স্টেডিয়ামে এ খেলা অনুষ্ঠিত হবে। গত ২৫ অক্টোবর বৃহস্পতিবার আহ্বায়ক কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ব্রিটেনে গোলাপগঞ্জ উপজেলার সব কটি সংগঠনের নেতা, ইউনিয়ন ও গ্রামভিত্তিক সংগঠনের নেতাসহ গোলাপগঞ্জ উপজেলার কমিউনিটি নেতাদের নিয়ে আগামী ডিসেম্বর মাসে একটি মতবিনিময় সভার আয়োজন করা হবে।

গোলাপগঞ্জ উৎসব : গত ৬ মে রবিবার গোলাপগঞ্জ ট্রাস্ট ইউকের আহ্বায়ক কমিটির সভায় গোলাপগঞ্জ উৎসব করার সিদ্ধান্ত নেয়া হয়। আগামী বছর সামার হলিডের আগে কিংবা পরে এই উৎসব অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত গোলাপগঞ্জের বিশিষ্ট ব্যক্তিদের সাথে আলাপ হয়েছে। বাংলাদেশেও আমরা গোলাপগঞ্জের কৃতীসন্তানদের সাথে যোগাযোগ করেছি। সকলেই আমাদের পরিকল্পনার প্রশংসা করে উৎসবে অংশগ্রহণ করার সম্মতি জানিয়েছেন। গোলাপগঞ্জ উৎসব বিষয়ে বার্মিংহাম, লুটনসহ ব্রিটেনের বিভিন্ন শহরে বসবাসরত গোলাপগঞ্জের প্রবাসী নাগরিকদের নিয়ে মতবিনিময় ও পরামর্শ সভার আয়োজন করা হবে। সকলের অংশগ্রহণে আমরা গোলাপগঞ্জ উৎসব উদ্‌যাপন কমিটি নামে আলাদা একটি কমিটি এবং বিভিন্ন উপকমিটি গঠন করব।

গোলাপগঞ্জ ভবন : গোলাপগঞ্জ ট্রাস্টের মূল উদ্দেশ্য হচ্ছে লন্ডনে বাঙালি অধ্যুষিত টাওয়ার হ্যামলেটসে অথবা এর কাছাকাছি একটি ভবন কেনার, যেটি থেকে আমাদের সব কার্যক্রম পরিচালনা করা হবে। পাশাপাশি ওই ভবনে গোলাপগঞ্জের যেকোনো সংগঠন তাদের সভা, অনুষ্ঠান করারও সুযোগ পাবে। গোলাপগঞ্জ ট্রাস্টের সদস্যদের ফি কোনো অনুষ্ঠান/প্রজেক্টে খরচ করার অনুমোদন নেই, সুতরাং সদস্যদের মেম্বারশিপ ফি ট্রাস্টের ইউকে ব্যাংক অ্যাকাউন্টে আমানত হিসেবে সঞ্চয়/ইউকে বন্ড হিসেবে থাকবে। ইতোমধ্যে HSBC ব্যাংকে ট্রাস্টের নামে একটি অ্যাকাউন্ট খোলা হয়েছে এবং সব সদস্যের মেম্বারশিপ ফি ওই অ্যাকাউন্টে জমা করা হচ্ছে। আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি তাঁদের, যাঁরা অনেকেই ইতোমধ্যে গোলাপগঞ্জ ভবন কিনতে আর্থিকভাবে সাহায্য-সহযোগিতারও আশ্বাস প্রদান করেছেন।

সম্মানিত সদস্যবৃন্দ,
আমরা যে যেখানেই থাকি না কেন গোলাপগঞ্জকে নিয়ে আমরা গর্ববোধ করি। গোলাপগঞ্জকে নিয়ে উন্নয়নের স্বপ্ন দেখি। গোলাপগঞ্জকে ভালোবাসি বলেই আমাদের এত আয়োজন। আপনাদের সবার পরামর্শ নিয়েই আমরা এগিয়ে যেতে চাই।

ব্রিটেনে অবস্থানরত গোলাপগঞ্জ উপজেলার নাগরিকরা এক হয়ে যদি কাজ করি, তাহলে গোলাপগঞ্জ ভবন কেনা সময়ের ব্যাপার মাত্র। প্রবাসী গোলাপগঞ্জের সংগঠনগুলো এ ক্ষেত্রে ভূমিকা গ্রহণ করতে পারে নিঃসন্দেহে। ঐকমত্যের ভিত্তিতে সবাই মিলে ব্রিটেনে গোলাপগঞ্জের কমিউনিটিকে সমৃদ্ধ আগামীর পথে এগিয়ে নিতে হবে। আমাদের পিছিয়ে থাকলে চলবে না। গোলাপগঞ্জ ট্রাস্ট ইউকে প্রতিষ্ঠা করার একটি মাত্র লক্ষ্য ছিল ব্রিটেনে গোলাপগঞ্জের কমিউনিটির জন্য কাজ করা। আমাদের মূল লক্ষ্য বাস্তবায়নে আপনাদের সবার সহযোগিতা কামনা করছি। ভবিষ্যতে যাঁরা নেতৃত্বে আসবেন, তাঁরা যেন সমাজসেবা, কমিউনিটির সেবা করার ব্রত নিয়ে দায়িত্ব পালন করেন এই অনুরোধ রইল। বিগত দিনে আমাদের আহ্বায়ক কমিটি কোনো ভুল সিদ্ধান্ত নিয়ে থাকলে এর পুরো দায় আমার নিজের এবং সমস্ত ভালো কাজের জন্য আহ্বায়ক কমিটি এবং সাধারণ সদস্যরা ধন্যবাদ পাওয়ার দাবি রাখেন।

সম্মানিত সদস্যবৃন্দ, আপনাদের আজকের উপস্থিতি গোলাপগঞ্জ ট্রাস্টের ভিত্তিকে আরো মজবুত করেছে। আমরা সবাই এ ট্রাস্টের সদস্য বৃদ্ধিতে কাজ করলে একদিন ব্রিটেনে বৃহত্তর একটি ট্রাস্ট হিসেবে গোলাপগঞ্জ ট্রাস্ট (ইউকে) কমিউনিটিতে মাথা উঁচু করে দাঁড়াতে পারবে। এ স্বপ্ন বাস্তবায়নে আপনাদের সবার সহযোগিতা কামনা করছি।

গোলাপগঞ্জ ট্রাস্টের (ইউকে) প্রথম সাধারণ সভায় আপনাদের সবার মঙ্গল কামনা করছি।

আনোয়ার শাহজাহান
সদস্য সচিব, গোলাপগঞ্জ ট্রাস্ট (ইউকে)
রবিবার, ১৮ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ।